

আজকাল

কলকাতা বুধবার ২২ জানুয়ারি, ২০২০



‘জলই জীবন’। অথচ সেই জলস্রুর কমছে। আগামী দিনে তাই জলসঙ্কটে ভুগতে হতে পারে কলকাতাকেও। তাই কীভাবে এই সমস্যা কাটিয়ে ওঠা সম্ভব, কী কী উপায় অবলম্বন করতে হবে, এই নিয়েই ‘কনসার্ন ফর কলকাতা’-র পক্ষ থেকে ১৮ জানুয়ারি স্যাটারডে রুাবে আয়োজন হয়েছিল একটি আলোচনাসভার। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্যাটন গ্রুপের প্রেসিডেন্ট প্রিয়ম বুদ্ধিয়া, ইন্ডিয়ান ওয়াটার ওয়ার্কস অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান অরুণাভ মজুমদার, কলকাতা কর্পোরেশনের জল সরবরাহ বিভাগের প্রাক্তন আধিকারিক বিভাস মাইতি।